((الضعيفة)) تحت الحديث (2).



## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৫১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো বেশি বেশি কিয়ামুল লাইল বা তাহাজ্জুদ সালাত আদায় করা, যাতে এর বদৌলতে নিষিদ্ধ কাজসমূহ থেকে বিরত থাকতে পারে

ذكر استحباب الإكثار لِلْمَرْءِ مِنْ قِيَام اللَّيْلِ رَجَاءَ تَرْكِ الْمَحْظُورَاتِ

## আরবী

2551 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا عَمْرُو بْنُ مُحَمَّدِ النَّاقِدُ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْقَاسِمِ سُحَيمٌ ـ حَرَّانِي ثَبْتٌ ـ حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: وَمَنْ أَبِي هُرَيْرَةَ وَاللَّهُ إِنَّ فُلَانًا يُصِلِّي اللَّيْلَ كُلَّهُ فَإِذَا أَصِبْحَ سَرَقَ قَالَ: (سَيَنْهَاهُ ما تقول) الراوي: أَبو هُرَيْرَةَ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الراوي: أَبو هُرَيْرَةَ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1255 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (3482)،

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ: (سَيَنْهَاهُ مَا تَقُولُ) مِمَّا نَقُولُ فِي كُتُبِنَا: إِنَّ الْعَرَبَ تُضِيفُ الْفِعْلَ إِلَى الْفِعْلِ أَرَادَ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنَّ الصَّلَاةَ إِذَا كَانَتْ عَلَى الْفَعْلِ نَفْسِهِ كَمَا تُضِيفُ إِلَى الْفَاعِلِ أَرَادَ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنَّ الصَّلَاةَ إِذَا كَانَتْ عَلَى الْفَعْلِ الْمَحْظُورَاتِ مَعَهَا كَقَوْلِهِ عَزَّ عَلَى الْحَقِيقَةِ فِي الْإِبْتِدَاءِ وَالْإِنْتِهَاءِ يَكُونُ الْمُصلِّي مُجَانِبًا لِلْمَحْظُورَاتِ مَعَهَا كَقَوْلِهِ عَزَّ وَجَلَّ: {إِنَّ الصَّلَاةَ تَنْهَى عَنِ الْفَحْشَاءِ والمنكر} [العنكبوت: 45]

## বাংলা

২৫৫১. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলা হলো, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, নিশ্চয়ই ওমুক ব্যক্তি সারা রাত তাহাজ্জুদ সালাত আদায় করে। অতঃপর যখন সে সকাল করে, তখন সে চুরি করে!" জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তুমি যা বলছো, তা থেকে অচিরেই এটি (তাহাজ্জুদ সালাত) তাকে বাধা দিবে।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "তুমি যা বলছো,



তা থেকে অচিরেই এটি (তাহাজ্জুদ সালাত) তাকে বাধা দিবে" এর দ্বারা উদ্দেশ্য যা আমরা আমাদের কিতাব বলেছি, সেটা হলো: আরবরা অনেক সময় ক্রিয়াকে খোদ ক্রিয়ার দিকে সম্পর্কিত করে, যেভাবে তারা কর্তার দিকে সম্পর্কিত করে থাকে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উদ্দেশ্য হলো যখন সালাত শুরু থেকে শেষ পর্যন্ত যথাযথভাবে আদায় করা হবে, তখন মুসল্লী ব্যক্তি নিষিদ্ধ কাজসমূহ থেকে বিরত থাকবে। যেমনটা মহান আল্লাহ বলেছেন, "নিশ্চয়ই সালাত মন্দ ও অশ্লীল কাজ থেকে বিরত রাখে।" (সূরা আনকাবৃত: ৪৫)

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৮/৬৬; বাযযার: ২/৪৪৭; বাযযার: ৭২০; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ: ২/২৫৮।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৩৪৮২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন